

- ৪। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন, যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহালের বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। জলমহালের সম্পূর্ণ টাকা পরিশোধপূর্বক প্রতিবছর ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি করতে হবে।
- ৫। বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহাল ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী বরাবর দাখিল করতে হবে। লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয় নাই এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত দেয়া হবে।
- ৬। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত নিতে পারবে না।
- ৭। জলমহাল ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে শুরু হবে ও প্রথম বছরের বছরের যে কোন সময়ে ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। প্রথম বছরের সাকুল্য ইজারা মূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ দিনের মধ্যে সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর উক্ত জলমহাল বুকিয়ে দেয়া হবে। ২য় বছরের ও ৩য় বছরের ইজারা মূল্যের সম্পূর্ণ অর্থ পূর্ববর্তী বছরের ১ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে ইজারার সমুদয় টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে উক্ত জলমহালের ইজারা বাতিলপূর্বক জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে এবং জলমহালটি পুনরায় ইজারা দেয়া হবে।
- ৮। স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠনগুলোর মধ্যে যে সংগঠন/সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী তাদেরকে উক্ত জলমহালটি বন্দোবস্ত প্রদান করা হবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠন না পাওয়া যায় সে ক্ষেত্রে পার্শ্ববর্তী গ্রাম/ইউনিয়ন/উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন/সমিতিতে জলমহালটি বন্দোবস্ত প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।
- ৯। গৃহীত ইজারামূল্যের উপর বিধি মোতাবেক ১৫% ভ্যাট, ৫% আয়কর প্রদান করতে হবে। তাছাড়া সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত কর/পাওনাদি পরিশোধ করতে হবে।

- ১০। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে তাহলে উক্ত লীজ বাতিল ও জামানতসহ জমাকৃত টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছরের জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।
- ১১। কৃতকার্য দরদাতাকে নিজ দায়িত্বে নিজ খরচে সংশ্লিষ্ট জলমহাল পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- ১২। জলমহালের আয়তন কম/বেশি হতে পারে, প্রয়োজনে সরেজমিনে যাচাইক্রমে আবেদন দাখিল করতে হবে। আয়তনের তারতম্য নিয়ে কোন ওজর/আপত্তি পরবর্তীতে গ্রহণ করা হবে না।
- ১৩। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ/বাতিল অথবা সমদয় আবেদন ফরম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



আশিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী
ফোনঃ ০৬৪২২-৫৬০০১
ই-মেইলঃ unobaliakandi@mopa.gov.bd

নং ০৫.৩০.৮২০৭.০০৩.০২.০০৮.২১.

৩৫৩(১০)


৯ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০১১ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজবাড়ী
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ৪। সহকারী কমিশনার (ভূমি), বালিয়াকান্দি, রাজবাড়ী
৫। অফিসার ইনচার্জ, বালিয়াকান্দি থানা, রাজবাড়ী
৬। উপজেলা ----- কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী
৭। চেয়ারম্যান ----- ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী
৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ----- ইউনিয়ন ভূমি অফিস, বালিয়াকান্দি, রাজবাড়ী
৯। জনাব ----- বালিয়াকান্দি, রাজবাড়ী
১০। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার ----- দৈনিক পত্রিকা (তাকে বিজ্ঞপ্তিটি আগামী সংখ্যায় ভিতরে পাতায় ৮X৪ সাইজে প্রকাশের অনুরোধ করা হলো।



উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী